# ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ

কানাইপুর শাখা, ফরিদপুর ।

**অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি ।**

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাইতেছে যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, কানাইপুর শাখা, ফরিদপুর এর ঋণগ্রহীতা মেসার্স মোঃ নজরুল ইসলাম, প্রোপ্রাইটরঃ জনাব মোঃ নজরুল ইসলাম, পিতা- মৃতঃ হাজী মোঃ রফিক মিয়া , মাতাঃ আয়শা বেগম , সাং- মৃগী , ডাকঘর-কানাইপুর-৭৮০১, উপজেলা-কোতোয়ালী, জেলা-ফরিদপুর,কর্তৃক গৃহীত ঋনের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি সমূহ ও তদুপরিস্থিত স্থপনাদি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি সমূহ ও তদুপরিস্থিত স্থপনাদি আদালতের আদেশ ছাড়াই বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে । ঋণগ্রহীতা মনজুরীপএের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ০২.১০.২০১৬ ইং তারিখ পর্যন্ত খেলাপী ঋণ বাবদ ব্যাংকের পাওনা মোট ১,২২,১৩,৫৫১.৪৯ (এক কোটি বাইশ লক্ষ তের হাজার পাঁচশত একান্ন দশমিক উনপঞ্চাশ) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি সমূহ ও তদুপরিস্থিত স্থপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্নিত শর্তাদিতে সাদা কাগজে/ প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্নাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপএ আহবান করা যাইতেছে ।

## বন্ধকী সম্পত্তির তফসিল

১ । জেলা-ফরিদপুর, উপজেলা-কোতোয়ালী, অন্তর্গত জে.এল ৪৬ নং কানাইপুর মৌজার এস.এ. খতিয়ান নং ৪৮, প্রস্তাবিত খতিয়ান নং ৩৩৭/২/২ ,হাল/ডিপি খতিয়ান নং ৬৪৩, আর.এস. ও এস.এ. দাগ নং, ৫৬২, হাল দাগ নং ১৪৯২, **জমির পরিমাণ** ০.৭৫ শতাংশ এবং তদুপরিস্থিতিত যাবতীয় স্থাপনাদি যাহার চৌহদ্দীঃ উত্তরে- শাহিন, দক্ষিণে-নুরুন্নবী, পূর্বে- রাশেল শেখ, পশ্চিমে- রাস্তা ।

**২ ।** জেলা-ফরিদপুর, উপজেলা-কোতোয়ালী, অন্তর্গত জে.এল ৪৬ নং কানাইপুর মৌজার এস.এ. খতিয়ান নং ৩৩৭, প্রস্তাবিত খতিয়ান নং ৩৩৭/২/২ হাল/ডিপি খতিয়ান নং ৫০০, আর.এস. ও এস.এ. দাগ নং, ৯২৬,৯২৯ হাল দাগ নং ৩১৩০, **জমির পরিমাণ** ৭.৩৫ শতাংশ যাহার চৌহদ্দীঃ উত্তরে- নুরুন্নবী চৌধুরী, দক্ষিণে-ওহাব মোল্লা, পূর্বে- মোতালেব, পশ্চিমে-সরদার শেখ ।

৩ । জেলা-ফরিদপুর, উপজেলা-কোতোয়ালী, অন্তর্গত জে.এল ৪৪ নং মৃগী মৌজার আর.এস. খতিয়ান নং ১২,১৪১,২৬,২৪ এস.এ. খতিয়ান নং ১২,১২২,২৬,২৫,বি ,এস ৫৫০, প্রস্তাবিত খতিয়ান নং ২১৪/১, আর.এস. ও এস.এ. দাগ নং, ৪৬৩,৪৬৪,৪৭৩,৪৭৪ ,হাল দাগ নং ৩৯৭,৩৯৮,৫২০,৫২২ **জমির পরিমাণ** ২৬.৯৫ শতাংশ এবং তদুপরিস্থিতিত যাবতীয় স্থাপনাদি যাহার চৌহদ্দীঃ উত্তরে মোঃ মফিজ, দক্ষিণে-নুরুন্নবী, পূর্বে- মিজান, পশ্চিমে-বন্দকদাতা নিজ ।

৪ । জেলা-ফরিদপুর, উপজেলা-কোতোয়ালী, অন্তর্গত জে.এল ৪৪ নং মৃগী মৌজার আর.এস. খতিয়ান নং ৭৭, এস.এ. খতিয়ান নং ৭২, বি ,এস ৫৫০, প্রস্তাবিত খতিয়ান নং ২১৪/১, আর.এস. ও এস.এ. দাগ নং, ৫৯৩, হাল দাগ নং ৬৯৭ **জমির পরিমাণ** ৮.৪০ শতাংশ এবং তদুপরিস্থিতিত যাবতীয় স্থাপনাদি যাহার চৌহদ্দীঃ উত্তরে- কলেজ রোড, দক্ষিণে- চক, পূর্বে- তোতা মিয়া, পশ্চিমে-বাচ্চু মিয়া ।

৫ । জেলা-ফরিদপুর, উপজেলা-কোতোয়ালী, অন্তর্গত জে.এল ৫৬ নং ভাটি কানাইপুর মৌজার এস.এ. খতিয়ান নং ১৯৪, প্রস্তাবিত খতিয়ান নং ১৯৪/১/২ ,ডি পি ২৯২, আর.এস. ও এস.এ. দাগ নং, ২২২ হাল দাগ নং ৩২৯ **জমির পরিমাণ** ৭.০০ শতাংশ এবং তদুপরিস্থিতিত যাবতীয় স্থাপনাদি যাহার চৌহদ্দীঃ উত্তরে- মতিন মিয়া, দক্ষিণে- মিয়া বাড়ী সড়ক, পূর্বে- তোতা মিয়া, পশ্চিমে-বাচ্চু মিয়া ।

৬ । জেলা-ফরিদপুর, উপজেলা-কোতোয়ালী, অন্তর্গত জে.এল ৬০ নং বসুনরসিংহদিয়া মৌজার আর.এস. খতিয়ান নং ৫১১,এস.এ. খতিয়ান নং ৫৩৯, বি এস /ডিপি খতিয়ান নং ৩০০ ,প্রস্তাবিত খতিয়ান নং ৩০০/১ , আর.এস. ও এস.এ. দাগ নং, ৬৭৪ , বি এস /ডিপি ৬৩৭, **জমির পরিমাণ** ২০.৬৫ শতাংশ এবং তদুপরিস্থিতিত যাবতীয় স্থাপনাদি যাহার চৌহদ্দীঃ উত্তরে- গোবিন্দ, দক্ষিণে-শাজাহান, পূর্বে- মোশাররফ, পশ্চিমে-নিতাই ।

## নিলামের শর্তাবলী

১. আগামী ১১/০৪/২০১৭ ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, কানাইপুর শাখা, ফরিদপুর এ রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে ।

২. প্রত্যেক দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অনুর্ধ ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা হইলে উহার শতকরা ২০%, উদ্বৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং  অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে  ১৫%, এবং উদ্বৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমান টাকার জামানত স্বরূপ ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার মারফত ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, কানাইপুর শাখা, ফরিদপুর এর অনুকুলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে ।

৩. উদ্বৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে প্রথম সর্বোচ্চ দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে । প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন ।

৪. দরদাতাগন তপশিলভুক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পতির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন । তবে একই ক্রমিকের  সম্পত্তির আংশিক এর জন্য  দরপত্র গ্রহন যোগ্য হইবে না ।

৫. দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন ।

৬. ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমুলে হস্তান্তর করিবেন । তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন রেজিষ্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী ,আধাসরকারী ,স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা:সিট কর্পোরেশন/পৌরসভা,ওয়াসা , পি.ডি.বি,/পল্লী বিদ্যুৎ গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান , ভুমিকর ইত্যাদিসহ যে কোন  পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকেই বহন করিতে হইবে ।

৭. দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান,স্বত্বের দলিল ইত্যাদি সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহন যোগ্য হইবে না  ।

৮. দরপত্রের মাধ্যমে নিলামে অংশ গ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্মস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন ।

৯. ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন ।

ব্যবস্থাপক
**ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ**, কানাইপুর শাখা, ফরিদপুর ।